# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 17 July, 2025

তিন দশকের বেশি সময়ের অভিনয়জীবনে সালমান খান যত সিনেমায় কাজ করেছেন, ‘ব্যাটেল অফ গালওয়ান’ তাদের মধ্যে সবচেয়ে কঠিন অভিজ্ঞতা—এমনটাই মনে করছেন তিনি। গালওয়ান উপত্যকায় ২০২০ সালে ভারত-চীন সংঘর্ষের ঘটনা অবলম্বনে নির্মিত এ সিনেমাটি পরিচালনা করছেন ‘শুটআউট অ্যাট লোখণ্ডওয়ালা’-খ্যাত অপূর্ব লাখিয়া।

সম্প্রতি একটি সাক্ষাৎকারে সালমান বলেন, শারীরিকভাবে এতটা প্রস্তুতি ও কঠোর পরিশ্রম তাকে আর কোনো ছবিতে করতে হয়নি।লাদাখের প্রতিকূল আবহাওয়া, ঠান্ডা পানিতে শুটিং এবং কঠিন অ্যাকশন দৃশ্য সব মিলিয়ে সিনেমাটি তার জন্য চ্যালেঞ্জিং হয়ে উঠেছে।

সালমান আরও জানান, প্রথমে সিনেমাটি নিয়ে তিনি দারুণ উচ্ছ্বসিত ছিলেন। কিন্তু কাজ শুরু করার পর বুঝেছেন—এটি অতটা সহজ নয়। লাদাখে ২০ দিন শুটিং করতে হয়েছে, যার মধ্যে সাত-আটদিন কেটেছে বরফঠান্ডা পানিতে দৃশ্য ধারণে।এ মাসে আবারও শুটিংয়ের প্রস্তুতি নিচ্ছেন তিনি।

চিরাচরিতভাবে ঈদে সালমানের সিনেমা মুক্তি পেলেও এবার ‘ব্যাটেল অফ গালওয়ান’ মুক্তির সম্ভাব্য সময় জানানো হয়েছে আগামী বছরের জানুয়ারি।একইসঙ্গে তিনি জানিয়েছেন, তার ২০১৫ সালের জনপ্রিয় ছবি ‘বজরঙ্গি ভাইজান’-এর সিক্যুয়েল তৈরির কাজও চলছে, তবে সেটি হবে একেবারেই ভিন্ন ধাঁচের।

সালমান খান ব্যাটেল অফ গালওয়ান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:14

URL: https://timestodaybd.com/entertainment/9729474902